





Annual Report 2014-2015




পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ
POWER GRID COMPANY OF BANGLADESH LTD.
(An Enterprise of Bangladesh Power Development Board)

Annual Report 2014-2015



পাওয়ার গ্রিড কোম্পানী অব বাংলাদেশ লিঃ
POWER GRID COMPANY OF BANGLADESH LTD.




Vision

Economic upliftment of the country by reaching electricity to all through reliable transmission.

Mission

Efficient and effective management of national power grid for reliable and quality transmission as well as economic dispatch of electricity throughout the country.



Contents

Notice of the 19th Annual General Meeting	05
Present Board of Directors	06-07
Board of Directors (2014-2015)	08-09
Current Top Management	10
PGCB at a glance	11
Value Added Statement	12
PGCB'S Five-Year Review	13
Directors Report (Bengali)	14-39
Directors Report (English)	40-64
Memorable Events	65-69
Audit Committee Report	70
Corporate Governance	71-82
Auditor's Report	83-89
Notes to the Financial Statements	90-124
Auditors & Bankers	125
Grid Map	126
Proxy Form	127



সূত্র নং-০১/পিজিসিবি/সচিব/৮৮২৭

তারিখঃ ১৩ ডিসেম্বর ২০১৫

বিজ্ঞপ্তি : ১৯তম বার্ষিক সাধারণ সভা

সংশ্লিষ্ট সকলকে বিনয়ের সঙ্গে জানানো যাচ্ছে যে, পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ এর শেয়ার মালিকগণের ১৯তম বার্ষিক সাধারণ সভা আগামী ৯ জানুয়ারী ২০১৬ তারিখ, শনিবার, সকাল ১০ঃ০০ ঘটিকায় 'মুক্তি হল' বিদ্যুৎ ভবন, ১ নং আব্দুল গনি রোড, ঢাকা-১০০০ এ অনুষ্ঠিত হবে। সভায় নিম্নে উল্লেখিত আলোচ্যসূচী বিবেচনা করা হবেঃ

আলোচ্যসূচীঃ

- ১। বিগত ৩০ জুন ২০১৫ বছর শেষে কোম্পানীর লাভ-ক্ষতি হিসাব, স্থিতি পত্র, পরিচালকগণের এবং বহিঃ নিরীক্ষকগণের প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদন করা;
- ২। অর্থ বছর ২০১৪-২০১৫ এর জন্য পরিচালক পর্ষদ কর্তৃক সুপারিশকৃত নগদ লভ্যাংশ ঘোষণা করা;
- ৩। কোম্পানীর অবসর গ্রহণকারী পরিচালকগণের স্থলে পরিচালক নির্বাচন/পুনঃনির্বাচন করা;
- ৪। আগামী ৩০ জুন ২০১৬ সমাপ্ত বছরের জন্য পরবর্তী বার্ষিক সাধারণ সভা পর্যন্ত কোম্পানীর বহিঃনিরীক্ষক নিয়োগ অনুমোদন এবং তাদের পারিশ্রমিক নির্ধারণ করা।

পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ এর সকল শেয়ার মালিকগণকে উল্লেখিত সভায় উপস্থিত হওয়ার জন্য সর্বিনিয়ে অনুরোধ করা হচ্ছে।

পরিচালক পর্ষদের আদেশক্রমে,



(মোঃ আশরাফ হোসেন)

কোম্পানী সচিব

দ্রষ্টব্যঃ

- ১। উল্লিখিত সাধারণ সভার জন্য পিজিসিবি'র রেকর্ড ডেট ছিল ২৩ নভেম্বর ২০১৫। রেকর্ড ডেট এ যেসকল শেয়ার মালিকের নাম সদস্য রেজিস্টার এবং সিডিবিএল এর তালিকায় ছিল তারা উক্ত বার্ষিক সাধারণ সভায় উপস্থিত থাকার জন্য যোগ্য এবং বার্ষিক সাধারণ সভায় অনুমোদিত হলে লভ্যাংশ প্রাপ্য হবেন।
- ২। কোম্পানীর সদস্য যিনি সভায় যোগদানে এবং ভোটদানে যোগ্য তিনি তার পক্ষে সভায় উপস্থিত থাকতে প্রস্তুতি নিয়োজিত করতে পারেন। প্রস্তুতি ফর্ম পূর্ণ করে, স্বাক্ষর করে এবং টাকা ২০/- এর রেভিনিউ স্ট্যাম্প সংযুক্ত করে বার্ষিক সাধারণ সভা শুরুর কমপক্ষে ৪৮ ঘন্টা পূর্বে কোম্পানী সচিবালয়, আইইবি ভবন (নতুন), ৪র্থ তলা, ৮/এ, রমনা, ঢাকা-১০০০ ঠিকানায় জমা দিতে হবে।
- ৩। সভা কক্ষে প্রবেশের জন্য বার্ষিক প্রতিবেদনের সঙ্গে প্রেরিতব্য উপস্থিতি স্লিপ যথাযথভাবে পূরণ করে প্রদর্শন পূর্বক সভা কক্ষে প্রবেশ করতে হবে।

বিঃ দ্রঃ বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশনের প্রেক্ষিতে ১৯তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে আপ্যায়ন বা উপহারসামগ্রী প্রদানের কোন ব্যবস্থা থাকবে না।

PRESENT BOARD OF DIRECTORS

- | | |
|--------------------------------------------------------------------------------------------------|----------------------|
| 1. Mr. Md. Abul Kalam Azad
Principal Secretary, PM's office, Government of Bangladesh. | Chairman |
| 2. Mr. Md. Monowar Islam
Secretary, Power Division | Independent Director |
| 3. Mr. Khandaker Maksudul Hassan
Chairman, Bangladesh Power Development Board | Director |
| 4. Dr. Jamaluddin Ahmed, FCA,
Director, Emerging Credit Rating Ltd. | Director |
| 5. Mr. Md. Abu Alam Chowdhury,
Managing Director & CEO, Conexpo Ltd. | Independent Director |




Mr. Md. Abul Kalam Azad
Chairman



Mr. Md. Monowar Islam
Independent Director



Mr. Khandaker Maksudul Hassan
Director



Dr. Jamaluddin Ahmed, FCA
Director



Mr. Md. Abu Alam Chowdhury
Independent Director



Maj. Gen. Moin Uddin
Director

- | | |
|----------------------------------------------------------------------------------------------------------------------|----------------------|
| 6. Engr. S. M. Khabiruzzaman, PEng | Independent Director |
| 7. Barrister M. Enamul Kabir Emon
Managing Partner, AF Kabir & Associates | Independent Director |
| 8. Sheikh Md. Abdul Ahad
Joint Chief, Power Division | Director |
| 9. Dr. A.B.M. Harun-ur- Rashid
Professor, Bangladesh University of Engineering and Technology | Director |
| 10. Mr. A.K.M.A Hamid
President, Central Executive Committee, Institution of Diploma Engineers, Bangladesh | Director |
| 11. Maj. Gen. Moin Uddin
Chairman, Bangladesh Rural Electrification Board | Director |
| 12. Mr. Masum Al-Beruni
Managing Director, Power Grid Company Of Bangladesh Ltd. | Managing Director |




Engr. S. M. Khabiruzzaman, PEng
Independent Director



Sheikh Md. Abdul Ahad
Director



Barrister M. Enamul Kabir Emon
Independent Director



Dr. A.B.M. Harun-ur- Rashid
Director



Mr. A.K.M.A Hamid
Director



Mr. Masum-Al-Beruni
Managing Director

BOARD OF DIRECTORS (2014-2015)



Mr. Md. Abul Kalam Azad
Chairman



Mr. Md. Monowar Islam
Independent Director



Mr. Foiz Ahmed
Director




Sheikh Md. Abdul Ahad
Director



Engr. Md. Abduhu Ruhullah
Director



Mr. Shahinul Islam Khan
Director



Dr. Jamaluddin Ahmed, FCA
Director



Mr. Md. Abu Alam Chowdhury
Independent Director

Mr. Md. Abul Kalam Azad
Mr. Md. Monowar Islam
Mr. Foiz Ahamed
Sheikh Md. Abdul Ahad
Engr. Md. Abduhu Ruhullah
Mr. Shahinul Islam Khan
Dr. Jamaluddin Ahmed, FCA
Mr. Md. Abu Alam Chowdhury
Engr. S. M. Khabiruzzaman, PEng
Barrister M. Anamul Kabir Emon
Dr. A.B.M. Harun-ur- Rashid
Brig. General Moin Uddin
Mr. A.K.M.A Hamid
Mr. Masum-Al-Beruni

Chairman
Director
Director
Director
Director
Director
Director
Director
Director
Director
Director
Director
Managing Director



Engr. S. M. Khabiruzzaman, PEng
Independent Director



Barrister M. Enamul Kabir Emon
Independent Director



Dr. A.B.M. Harun-ur- Rashid
Director



Brig. Gen. Moin Uddin
Director



Mr. A.K.M.A Hamid
Director



Mr. Masum-Al-Beruni
Managing Director

Current Top Management of the Company




Mr. Masum-Al-Beruni
Managing Director



Engr. Chowdhury Alamgir Hossain
Executive Director (P&D)



Mr. Mohammad Shafiqullah
Executive Director (HRM)
Executive Director (Finance), A/C



Engr. Imdadul Islam
Executive Director (O & M), A/C
Chief Engineer (Transmission-1)



Engr. Quamrul Ahsan
Chief Engineer (Transmission-2)




Engr. Md. Farid Uddin Ahmed
Chief Engineer (Project)



Engr. Mahbub Ahmed
Chief Engineer & PD



Engr. Pranab Kumar Roy
Chief Engineer (System Operation)



Engr. Md. Ohiduzzaman
Chief Engineer & PD



Engr. Arun Kumar Saha
Chief Engineer (P&D)



Mr. Md. Tajul Islam
General Manager (P&A), A/C



Mr. Belayet Hossain
General Manager (Finance), A/C



Mr. Md. Ashraf Hossain
Company Secretary



Mr. Abul Khayer Chowdhury
Deputy General Manager (Audit)

PGCB at a glance

Corporate Office	Institution of Engineers Bangladesh (IEB) Bhaban (New), 3 rd and 4 th Floor, 8/A Ramna, Dhaka – 1000.
Year of Incorporation & Registration Number	1996 [C-31820(941)/96]
Status	Public Limited Company
Business	Transmission of Power
Authorized Capital in Taka	10 billion
Paid up Capital in Taka	4,609.13 million
Turnover in Taka of 2014-2015	9,378.28 million
Net profit before tax & WPPF in Taka of 2014-2015	(71.63) million
Transmission Line as on 30.06.2015	400 kV – 164.70 circuit km 230 kV – 3,171.45 circuit km 132 kV – 6,273.63 circuit km
Substations as on 30.06.2015	HVDC- one station 400/230 kV- one station (520 MVA) 230/132 Kv – 19 Nos. (9,075 MVA) 132/33 Kv – 89 Nos. (11,964 MVA)
Manpower as on 30.06.2015	2,372 persons.
Listed with DSE/CSE	The 9 th October 2006


**Value Added Statement
for the year ended June 30, 2015**

	2015 Amount	%	2014 Amount	%
Revenue	9,378,283,604		8,671,755,340	
Less: payment for Services	904,784,918		715,507,664	
	8,473,498,686		7,956,247,676	
Other Income	458,267,486		805,461,774	
Value Added	8,931,766,172	100.00	8,761,709,450	100.00


Value Distributed:

National Exchequer	(488,120,704)	(5.46)	599,919,238	6.85
Employee Salaries,wages & other benefits	904,784,918	10.13	1,640,514,577	18.72
Interest on other financial expenses	2,656,625,183	29.74	2,390,795,504	27.29
Shareholders Dividend	691,369,487	7.74	460,912,991	5.26
Depreciation & Amortization	4,671,150,265	52.30	4,159,554,863	47.47
Retained Income	495,957,023	5.55	(489,987,723)	(5.59)
	8,931,766,172	100.00	8,761,709,450	100.00
	8,931,766,172	100.00	8,761,709,450	100.00

Value Added Statement 2014-15



Value Added Statement 2013-14



Five-Year Review of PGCB

Figure in million

Particulars	Unit	2014-15	2013-14	2012-13	2011-12	2010-11
Key financial figures						
Paid up Capital	Tk.	4,609.12	4,609.12	4,609.12	4,190.12	4,190.12
Gross Fixed Asset	Tk.	139,402.25	127,745.61	88,453.33	84,262.00	75,387.51
Transmission Charge	Tk.	9,133.41	8,465.33	7,672.95	7,020.86	6,155.64
Profit before Tax	Tk.	(71.63)	570.84	2,015.03	1,822.17	809.69
Profit after Tax	Tk.	416.49	(29.07)	1,010.19	1,183.54	924.60
Total Current Assets	Tk.	13,485.53	13,269.22	18,031.97	14,745.26	15,276.97
Total Current Liabilities	Tk.	19,648.97	16,342.96	11,648.64	9,359.73	7,302.17

Financial Ratios & others

Return on Average Net Fixed Assets	%	3.20	4.96	8.74	8.90	6.85
Debt Service Coverage Ratio	times	1.14	1.11	1.90	1.78	1.48
Debt - Equity	ratio	69:31	70:30	69:31	72:28	70:30
Accounts Receivable to Sales	mths	2.00	1.97	1.95	1.98	2.01
Current Ratio	ratio	0.69	0.81	1.55	1.58	2.09
No of Share outstanding	Num	460.91	460.91	460.91	419.00	419.00
Dividend per Share (Cash)	%	15	10	15	20	15
Earning per Share	Tk.	0.90	(0.06)	2.19	2.82	2.21



পরিচালক পর্ষদের প্রতিবেদন



বিসমিল্লাহির রাহমানির রাহীম।

সন্মানীত শেয়ারহোল্ডারবৃন্দ,

আসসালামু আলাইকুম!

পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ (পিজিসিবি) এর উনিশতম বার্ষিক সাধারণ সভা (এজিএম) এ আপনাদের সকলকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভা আরম্ভ করছি।

আপনাদের কোম্পানী পিজিসিবি সারাদেশে হাইভোল্টেজ বিদ্যুৎ সঞ্চালনে নিয়োজিত একমাত্র প্রতিষ্ঠান। এর প্রধান উদ্দেশ্যগুলোর মধ্যে রয়েছে, পরিকল্পনা করা, উদ্যোগী হওয়া, উন্নয়ন করা, পরিচালনা করা এবং সংযুক্ত ও দক্ষ বিদ্যুৎ সঞ্চালন সিস্টেম নেটওয়ার্ক বিনির্মাণ করা। এর লক্ষ্য সমূহের মধ্যে আরো আছে, পরিকল্পনা তৈরি করা, অনুসন্ধান করা, গবেষণা করা, প্রকৌশল ও ডিজাইন করা, প্রাথমিক সম্ভাব্যতা যাচাই করা, প্রকল্প প্রতিবেদন প্রণয়ন করা, নির্মাণ করা। তাছাড়া সঞ্চালন লাইন, উপকেন্দ্র, লোড ডিসপ্যাচ সেন্টার ও যোগাযোগ সুবিধা সমূহ পরিচালনা করা ও রক্ষণাবেক্ষণ করাও এর লক্ষ্য। সে সঙ্গে সংশ্লিষ্ট কার্যক্রমও এ কোম্পানীকে করতে হয়। এ কোম্পানীর উদ্দেশ্যের মধ্যে আঞ্চলিক, জাতীয় এবং আন্তর্জাতিক উচ্চ ভোল্টেজের নেটওয়ার্ক সিস্টেমের মধ্যে সমন্বয় সাধন এবং পরিচালন অন্তর্ভুক্ত রয়েছে। বিদ্যুৎ সেক্টরে পরামর্শ সেবা প্রদান, ইউটিলিটি প্রতিষ্ঠানের বিদ্যুৎ বিষয়ক সামগ্রিক নির্মাণ কাজ বাস্তবায়ন; বিদ্যুৎ ক্রয়-বিক্রয় এর উদ্দেশ্য হিসেবে পিজিসিবি'র মেমোরেন্ডাম-এ অনুমোদন গ্রহণ করা হয়েছে।

কোম্পানী আইন ১৯৯৪ অনুযায়ী, প্রতিবছর বার্ষিক সাধারণ সভা (এজিএম) এর মাধ্যমে পিজিসিবি শেয়ারহোল্ডারদের কাছে বিগত অর্থবছরের পূর্ণাঙ্গ কার্যক্রম তুলে ধরে। এর মধ্য দিয়ে প্রতিষ্ঠানের সুষ্ঠু পরিচালনা ও জবাবদিহিতার সংস্কৃতি অনুসরণের প্রচেষ্টা অব্যাহত আছে। এজিএম-এ শেয়ারহোল্ডারদের প্রদত্ত মূল্যবান ও যৌক্তিক পরামর্শগুলো পিজিসিবি গুরুত্বের সঙ্গে বিবেচনা করে।

পিজিসিবির ২০১৪-২০১৫ অর্থবছরের কার্যক্রমের উপর পরিচালকগণের বার্ষিক প্রতিবেদন উপস্থাপন করা হচ্ছে।

কোম্পানীর কাঠামো

পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ এর একদল দক্ষ ও অভিজ্ঞ কর্মী রয়েছে। এরা পুরো সিস্টেমের সুষ্ঠু পরিচালনা, ব্যবস্থাপনা ও সংরক্ষণের কাজে নিয়োজিত। বর্তমানে কোম্পানীর ৪০০ কেভি ক্ষমতাসম্পন্ন ১৬৪.৭০ সার্কিট কিঃমিঃ; ২৩০ কেভি ৩,১৭১.৪৫ সার্কিট কিলোমিটার; ১৩২ কেভি ৬,২৭৩.৬৩ সার্কিট কিলোমিটার সঞ্চালন লাইন রয়েছে। সেই সঙ্গে ৪০০/২৩০ কেভি একটি এইচভিডিসি স্থাপন করা হয়েছে যার মাধ্যমে ভারত হতে ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানি করা হচ্ছে। এছাড়াও একটি ৪০০/২৩০ কেভি গ্রীড সাবস্টেশন, ১৯টি ২৩০/১৩২ কেভি গ্রীড সাবস্টেশন এবং ৮৯টি ১৩২/৩৩ কেভি গ্রীড সাবস্টেশন রয়েছে। কোম্পানী আলোচ্য ২০১৪-১৫ অর্থ বছর এগুলো দক্ষভাবে পরিচালন ও রক্ষণাবেক্ষণ করেছে। দেশজুড়ে সঞ্চালন ব্যবস্থা সমৃদ্ধ করার পাশাপাশি বিদ্যুৎ আমদানী-রপ্তানীর জন্য আঞ্চলিক বিদ্যুতের গ্রীড সিস্টেম গড়ে তোলা হচ্ছে। ভারত হতে আরো ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানীর লক্ষ্যে এইচভিডিসি দ্বিতীয় ব্লকের নির্মাণকাজ হাতে নেয়া হয়েছে। এছাড়া ২০১৩-১৪ অর্থবছরে ভারতের ত্রিপুরা হতে বাংলাদেশের কুমিল্লা হয়ে ১০০ মে.ও. বিদ্যুৎ আমদানীর রাষ্ট্রীয় সিদ্ধান্তের প্রেক্ষিতে পিজিসিবি দ্রুতগতিতে সঞ্চালন নেটওয়ার্ক সংযোগের কার্যক্রম এগিয়ে নিয়েছে। এতে দেশের বিদ্যুৎ ঘাটতি প্রশমিত হয়েছে।

প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার করে নির্ভরযোগ্য বিদ্যুৎ সঞ্চালনের লক্ষ্য অর্জনে পিজিসিবি দক্ষ ও কার্যকর মানব সম্পদ ব্যবস্থাপনা করছে। ২০১৪-১৫ অর্থবছরে পিজিসিবিতে অনুমোদিত ৩,১৩০টি পদ থাকলেও ২,৩৭২ জন কর্মকর্তা ও কর্মচারী কর্মরত ছিলেন।

পরিচালন

বাংলাদেশে উন্নয়নের সাথে সাথে বিদ্যুতের চাহিদা দ্রুত বৃদ্ধি পেয়ে চলেছে। ক্রমবর্ধমান এ চাহিদা মেটানোর জন্য সরকার অগ্রাধিকার ভিত্তিতে নতুন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপন এবং বিদ্যমান বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র পুনর্বাসনের উদ্যোগ গ্রহণ করেছে। এতে বিগত ছয় বছরে উল্লেখযোগ্যভাবে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি পেয়েছে। সঞ্চালন অবকাঠামো পরিচালন ও রক্ষণাবেক্ষণের পাশাপাশি পিজিসিবি নিজস্ব উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করেছে যাতে সঞ্চালন অবকাঠামো বর্ধিত করে অতিরিক্ত উৎপাদিত বিদ্যুৎ এবং ভবিষ্যতে উৎপাদিতব্য অধিকতর বিদ্যুৎ সঞ্চালন করা সহজ হয়। আলোচ্য ২০১৪-১৫ অর্থ বছরে ৪০,০৬০ মিলিয়ন কিলোওয়াট ঘন্টা বিদ্যুৎ সঞ্চালন অবকাঠামোর মাধ্যমে বিতরণ প্রতিষ্ঠানগুলোর নিকট পৌঁছে দেওয়া হয়েছে। যার পরিমাণ পূর্ববর্তী অর্থ বছর অপেক্ষা প্রায় ৮.২৫ শতাংশ বেশি। নতুন বিদ্যুৎ উৎপাদন সক্ষমতা বৃদ্ধি এবং সঞ্চালন সুবিধা বৃদ্ধির মাধ্যমে আসছে বছরগুলোতে উচ্চ ভোল্টেজের বিদ্যুৎ সঞ্চালন আরো বৃদ্ধি পাবে।

পিজিসিবি'র সঞ্চালন নেটওয়ার্কের মাধ্যমে ২০০৮-০৯ অর্থ বছর হতে গত সাত বছরের নীট বিদ্যুৎ উৎপাদন এবং সঞ্চালনের একটি পরিসংখ্যান নিচের স্মারনীতে দেখানো হলো :

ক্রমিক নম্বর	অর্থ বছর	নিট বিদ্যুৎ উৎপাদন ১৩২ কেভি এবং উচ্চ স্তরে (মিলিয়ন কিলো ওয়াট আওয়ার)	বিতরণকারী প্রতিষ্ঠানের বিদ্যুৎ সঞ্চালনের পরিমাণ (মিলিয়ন কিলো ওয়াট আওয়ার)
১	২০০৮-২০০৯	২৫,২৬৬	২৪,৪৫০
২	২০০৯-২০১০	২৬,৩৭৬	২৫,৫৬৬
৩	২০১০-২০১১	২৭,৬৪৬	২৬,৮৯৫
৪	২০১১-২০১২	৩১,৫৩৩	৩০,৬৮২
৫	২০১২-২০১৩	৩৪,৫৫৯	৩৩,৫৫৯
৬	২০১৩-২০১৪	৩৮,০৭৬	৩৭,০০৪
৭	২০১৪-২০১৫	৪১,২০০	৪০,০৬০

স্মারনী-১৪: বিগত সাত বৎসরের নীট বিদ্যুৎ উৎপাদন এবং সঞ্চালন।

পূর্বের ন্যায় বিগত ২০১৪-২০১৫ অর্থ বছরেও সঞ্চালন সিস্টেম কার্যকর রাখার উদ্দেশ্যে পরিকল্পিত সংরক্ষণ কার্যক্রম জোরদার করা হয়। শীত মৌসুমে বিদ্যুতের চাহিদা সাধারণভাবে কম থাকে বিধায় সে সময় অর্থাৎ ডিসেম্বর থেকে মার্চ পর্যন্ত বাৎসরিক সংরক্ষণ কার্যক্রম চালানো হয়েছে। দক্ষ সংরক্ষণ কার্যক্রমের মাধ্যমে ছোট-খাট সমস্যাগুলো মোকাবেলা করে সঞ্চালন নেটওয়ার্ক সচল রাখা সম্ভব হয়েছে। বিগত ১ নভেম্বর ২০১৪ তারিখ জাতীয় গ্রীড সাময়িকভাবে অচল হয়ে পড়ে। এতে সারাদেশ ব্ল্যাকআউট হয়ে যায়। এ সময় দক্ষতার সাথে কর্মকর্তা-কর্মচারীগণ পরিস্থিতি নিয়ন্ত্রণ করেছে। মাননীয় প্রধানমন্ত্রী বিষয়টি মনিটর করেন এবং স্থির চিন্তে কার্যকরভাবে সঞ্চালন ব্যবস্থা পুনরুদ্ধারের পরামর্শ প্রদান করেন। কোম্পানীর কর্মকর্তা-কর্মচারীদের চেষ্টায় দ্রুততম সময়ের মধ্যেই জাতীয় গ্রীড সচল করে বিদ্যুৎ সঞ্চালন নেটওয়ার্ক পুনরায় চালু করা সম্ভব হয়েছিল। বিদেশী বিশেষজ্ঞরা বিষয়টি মূল্যায়ণ করে পিজিসিবি'র কারিগরী কর্মকর্তাদের সমস্যা মোকাবেলায় দক্ষতার প্রশংসা করেন। ২০১৪-১৫ অর্থ বছরে সমগ্র সিস্টেমে সঞ্চালন লাইনের প্রাপ্যতা ছিল ৯৯.৯৭২ শতাংশ এবং গ্রীড উপকেন্দ্রের প্রাপ্যতা ছিল ৯৯.৯৮৮ শতাংশ। বিদ্যুৎ বিচ্যুতি সামান্য বৃদ্ধি পেলেও বিদ্যুৎ সঞ্চালন লস হ্রাস পেয়ে ২.৭৭ শতাংশে দাঁড়িয়েছে; যা পূর্ববর্তী বৎসরে ছিল ২.৮২ শতাংশ।

২০০৮-২০০৯ হতে ২০১৪-১৫ পর্যন্ত সময়ের সঞ্চালন নেটওয়ার্কের প্রাপ্যতা নিচের স্মারনীতে দেখানো হলো :

ক্রমিক নং	অর্থ বছর	প্রাপ্যতা	
		সঞ্চালন লাইন	গ্রীড উপকেন্দ্র
১	২০০৮-২০০৯	৯৯.৯৭৬%	৯৯.৯৮৩%
২	২০০৯-২০১০	৯৯.৯৭৮%	৯৯.৯৭৩%
৩	২০১০-২০১১	৯৯.৯৭৮%	৯৯.৯৭৪%
৪	২০১১-২০১২	৯৯.৯৫৮%	৯৯.৯৬৯%
৫	২০১২-২০১৩	৯৯.৯৬১%	৯৯.৯৮৩%
৬	২০১৩-২০১৪	৯৯.৯৮১%	৯৯.৯৫৮%
৭	২০১৪-২০১৫	৯৯.৯৭২%	৯৯.৯৮৮%

স্মারনী -২ঃ বিগত সাত বছরের সঞ্চালন নেটওয়ার্কের প্রাপ্যতা।

২০০৮-২০০৯ অর্থ বছর হতে আলোচ্য ২০১৪-২০১৫ অর্থ বছরের সঞ্চালন বিদ্যুতি এবং লস এর পরিসংখ্যান নিম্নের স্মারনীতে উল্লেখ করা হয়েছে :

ক্রমিক নং	অর্থ বছর	সঞ্চালন সিস্টেমের সমস্যার কারণে বিদ্যুৎ বিচ্ছ্যতি		শতকরা হিসাবে সঞ্চালন লস
		সংখ্যা	সময় কাল	
১	২০০৮-২০০৯	২৩	১৪ ঘন্টা ৫৬ মিনিট	৩.২৩
২	২০০৯-২০১০	১৪	১৫ ঘন্টা ৫৭ মিনিট	৩.০৭
৩	২০১০-২০১১	১১	১৩ ঘন্টা ৪৭ মিনিট	২.৭২
৪	২০১১-২০১২	৯	৩৪ ঘন্টা ৪৯ মিনিট	২.৭০
৫	২০১২-২০১৩	৬	৭ ঘন্টা ৪৮ মিনিট	২.৯২
৬	২০১৩-২০১৪	৯	১৪ ঘন্টা ২৪ মিনিট	২.৮২
৭	২০১৪-২০১৫	৮	১৬ ঘন্টা ২২ মিনিট	২.৭৭

স্মারনী -৩ঃ গত সাত বছরের বিদ্যুৎ সঞ্চালন বিচ্ছ্যতি এবং লস।

বিদ্যুৎ খাতের বর্তমান ও ভবিষ্যৎ অবস্থাঃ

বাংলাদেশ অভ্যুদয়ের পর হতে শিল্প কারখানা, কৃষি কাজ, মানব সম্পদ, আধুনিক জীবনযাত্রা, চিকিৎসা ও যোগাযোগ ব্যবস্থার ব্যাপক উন্নয়নের ফলে বিদ্যুতের চাহিদা ক্রমবর্ধমান হারে বৃদ্ধি পেয়েছে। বাংলাদেশে স্থির মূল্যে জিডিপিতে ২০১৪-১৫ অর্থ বছরে বিদ্যুৎ খাতের অবদান ১.৪৫ শতাংশে দাঁড়িয়েছে। নিরলস প্রচেষ্টায় বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে উন্নীত করার জন্য এবং উচ্চতর প্রবৃদ্ধি অর্জনের বাহন হিসেবে বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণকল্পে বর্তমান সরকার এ খাতে বিভিন্ন মেয়াদি যুগান্তকারী পরিকল্পনা গ্রহণ করেছে এবং নিবিড় তদারকির মাধ্যমে সেগুলো বাস্তবায়ন করে চলেছে। ফলে বিগত ছয় বছরে বিদ্যুৎ খাতে অভাবনীয় সাফল্য অর্জিত হয়েছে। দেশের অগ্রগতি ক্রমশ নিশ্চিত হচ্ছে। বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ২০০৯ সালের ৪,৯৪২ মেগাওয়াট থেকে বৃদ্ধি পেয়ে ২০১৫ সালে ১১,৮৭৭ মেগাওয়াটে উন্নীত হয়েছে। এতে করে মাথাপিছু বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ ২২০ কিলোওয়াট আওয়ার থেকে ৩৭১ কিলোওয়াট আওয়ার, বিদ্যুৎ সুবিধা প্রাপ্ত জনগোষ্ঠীর হার ৪৭ শতাংশ থেকে বর্তমানে ৭৪ শতাংশে উন্নীত হয়েছে। বিদ্যুতের মহাপরিকল্পনা অনুযায়ী ২০২১ সালের মধ্যে প্রায় ২৪,০০০ মেগাওয়াট এবং ২০৩০ সালের মধ্যে প্রায় ৪০,০০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ এবং তা বাস্তবায়নের কাজ চলছে। বিদ্যুৎ উৎপাদন পরিকল্পনার সঙ্গে তাল মিলিয়ে সঞ্চালন ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে ২০১৫-২০২১ সালের মধ্যে পিজিসিবি ১০,১৩৬ সার্কিট কিলোমিটার নতুন

সঞ্চালন লাইন এবং বিভিন্ন ভোল্টেজ লেভেলের ১৪৩টি উপকেন্দ্র নির্মাণের পরিকল্পনা গ্রহণ করেছে। এক কথায়, পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ সরকারের বিদ্যুৎ উৎপাদন লক্ষ্যমাত্রার সাথে সঙ্গতি রেখে সঞ্চালন নেটওয়ার্ক সম্প্রসারণ এবং সঞ্চালন ক্ষমতা বৃদ্ধির কার্যক্রম দ্রুততার সঙ্গে এগিয়ে নিচ্ছে। এ কোম্পানীর ভবিষ্যৎ খুবই সম্ভাবনাময় বলে সংক্ষেপে বলা যায়।

কোম্পানীর চলমান অবস্থা (Continuity):

বিগত ২০১৩-১৪ অর্থবছরে পিজিসিবি প্রথমবারের মতো কিছুটা লোকসান দিলেও পরবর্তী বছরের মাথায় তা কাটিয়ে উঠতে সক্ষম হয়েছে। শেয়ারহোল্ডারগণ সহ সংশ্লিষ্ট সকলের জন্যই এটা আশাব্যঞ্জক বিষয়। আলোচ্য ২০১৪-২০১৫ অর্থ বছরে পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ টাকা ৪১৬.৪৮ মিলিয়ন কর পরবর্তী মুনাফা করেছে। উক্ত অর্থ বছর কোম্পানীর ব্যয় বিশেষ করে অবচয়, সুদ বাবদ ব্যয় বৃদ্ধি পাওয়ায় মুনাফা কম হয়েছে। উল্লেখ্য, আলোচ্য সময়কালে কোম্পানীর পাঁচটি প্রকল্পের ব্যয় অর্থবছরে Work in Progress হতে স্থায়ী সম্পদে স্থানান্তর করা হয়েছে। ফলে অবচয় ও সুদ খাতে ব্যয় বৃদ্ধি পেয়েছে। দীর্ঘ ১১ বছর পর পিজিসিবি'র মূল আয় হুইলিং চার্জ বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি) প্রতি কিলোওয়াট আওয়ার-এ গড়ে পাঁচ পয়সা হারে বৃদ্ধির অনুমোদন প্রদান করেছে। ফলে আগামীতে পিজিসিবি বৈশিষ্ট্য হারে মুনাফা অর্জন করতে পারবে বলে আশা করা হচ্ছে।

ঝুঁকি ও উদ্বেগ সমূহ:

আপনারা জানেন যে, বিদ্যুৎ সেक्टरের যে কোন উন্নয়নের জন্য বিপুল পরিমাণ বিনিয়োগ প্রয়োজন হয়। পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ এর জন্য এ বিষয়টি সত্যিকার অর্থেই একটি চ্যালেঞ্জ। তবে সরকার সঞ্চালন ব্যবস্থা উন্নয়নে উন্নয়ন সহযোগী বিদেশী প্রতিষ্ঠান এবং ব্যাংক হতে এ পর্যন্ত সহজ শর্তে ঋণ যোগাড় করে দিচ্ছে। উন্নয়ন প্রকল্পসমূহে সরকারও ঋণ সহায়তা দিচ্ছে। পিজিসিবি'র নিজস্ব তহবিল হতেও উন্নয়ন প্রকল্পসমূহে বিনিয়োগ করা হচ্ছে। দেশে ব্যবসা করে এমন বিদেশী বাণিজ্যিক ব্যাংকও পিজিসিবিকে ঋণ প্রদানে এগিয়ে এসেছে। সাম্প্রতিক বছরগুলোতে তিন-চারটি করে উন্নয়ন প্রকল্প সম্পূর্ণভাবে পিজিসিবি'র নিজস্ব তহবিল দিয়েই সম্পন্ন করা হয়েছে।

বর্তমানে বিদ্যুৎ ব্যবস্থা পরিচালন ও উন্নয়নে প্রয়োজনীয় জনবল দেশেই তৈরি হচ্ছে। কিন্তু সঞ্চালন ব্যবস্থা উন্নয়নের যন্ত্রপাতি ও সরঞ্জাম উল্লেখযোগ্য মাত্রায় দেশে উৎপাদিত হয় না। বিদেশ থেকেই সেগুলো আমদানী করতে হচ্ছে। সাম্প্রতিক বৎসরগুলোতে কিছু কিছু ১৩২/৩৩ কেভি ট্রান্সফরমার ও সঞ্চালন লাইন স্থাপন টাওয়ারের সেকশন দু'একটি প্রতিষ্ঠান উৎপাদন করতে শুরু করেছে যা ইতিবাচক। কিন্তু সঞ্চালন লাইনের কন্ডাক্টর, ইন্সুলেটর ইত্যাদি এখনো বিদেশ থেকে আমদানী করতে হয়। উন্নতমানের ঐ সকল সরঞ্জাম দেশে উৎপাদিত হলে বৈদ্যুতিক যন্ত্রপাতি ও সাজ-সরঞ্জামের জন্য বিদেশের উপর নির্ভরশীলতা অনেকটা হ্রাস পেতো। যাহোক, প্রয়োজনীয় যন্ত্রপাতি ও সাজ সরঞ্জাম বিদেশ থেকে আমদানীতে এখনো পর্যন্ত উল্লেখযোগ্য সমস্যার সম্মুখীন হতে হয়নি।

সকল রিলেটেড পার্টি লেনদেন বিবরণ:

পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ এর উদ্যোক্তা শেয়ারহোল্ডার বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) যে সকল অঞ্চলে বিদ্যুৎ বিতরণের দায়িত্ব পালন করে সে সকল অঞ্চলে বিদ্যুৎ সঞ্চালনের দায়িত্ব পিজিসিবি পালন করে আসছে। আলোচ্য ২০১৪-১৫ অর্থ বছরে কোম্পানী ৮,৮২০.৪৯ মিলিয়ন কিলোওয়াট আওয়ার বিদ্যুৎ সঞ্চালন করে বিউবো এর নিকট টাকা ২০১,৮১,৫১,৪২৩/- পাওনা হয় যা তাদের নিকট কোম্পানীর দেনার সঙ্গে সমন্বয় করা হয়েছে।

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অনুকূলে শেয়ার ইস্যু:

আপনারা জানেন যে, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) এর বিদ্যুৎ সঞ্চালন অবকাঠামো সম্পদ নিয়ে পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ সংগঠিত হয়েছে। মোট ছয়টি ক্রয় চুক্তির (ভেন্ডরস এগ্রিমেন্ট) মাধ্যমে বিউবো এর সঞ্চালন অবকাঠামো পিজিসিবি ক্রয় করেছে। উক্ত অবকাঠামোর বিপরীতে বিউবো এর যে ঋণ ছিল তা ঋণ চুক্তির শর্ত মোতাবেক পিজিসিবি পর্যায়ক্রমে পরিশোধ করে চলেছে। আর নীট সম্পদের বিপরীতে বিউবোকে শেয়ার প্রদানের শর্ত রয়েছে। ছয়টি ক্রয় চুক্তির মাধ্যমে পিজিসিবি টাকা ৬১৬.১৬৭ কোটি এর নীট সম্পদ ক্রয় করেছে। যার বিপরীতে মোট টাকা ৩৬৪.৩৫৭

কোটি মূল্যের শেয়ার বিউবো এর অনুকূলে প্রদান করা হয়েছে। তাদেরকে আরো টাকা ২৫১.৮১০ কোটির বিপরীতে পিজিসিবি'র শেয়ার প্রদান করতে হবে। প্রসঙ্গতঃ উল্লেখ্য যে, ক্রয় চুক্তি (নম্বর পাঁচ) গত ৩০ ডিসেম্বর ২০০২ এবং ক্রয় চুক্তি (নম্বর ছয়) ১০ এপ্রিল ২০১২ তারিখ সম্পাদিত হয় যার বিপরীতে শেয়ার প্রদান করতে হবে। উল্লেখ্য যে, সর্বশেষ ছয় নম্বর ক্রয় চুক্তিভুক্ত অবকাঠামো পিজিসিবি ৩০ জুন ২০০৭ তারিখ হস্তান্তর গ্রহণ করে ব্যবহার করে আসছে।

সঞ্চালন মূল্যহার (হুইলিং চার্জ) বৃদ্ধিঃ

বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি) পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড এর জন্য বিদ্যুৎ সঞ্চালনের চার্জ (হুইলিং চার্জ) প্রতি কিলোওয়াট আওয়ারে গড়ে পাঁচ পয়সা বাড়িয়েছে। গত ১ সেপ্টেম্বর ২০১৫ তারিখ হতে নতুন মূল্য হার কার্যকর হয়েছে। আপনারা জানেন যে, ১০ বছরেরও বেশি সময় পর হাইভোল্টেজ বিদ্যুৎ সঞ্চালনের মূল্যহার বেড়েছে। বিদ্যুৎ বিতরণকারী প্রতিষ্ঠানগুলোর কাছ থেকে পিজিসিবি এ টাকা পাবে। এতে আগামী অর্থবছরে কোম্পানীর আয় বাড়বে। নতুন মূল্যহার অনুসারে ২৩০ কিলোভোল্ট প্রান্তে বিদ্যুৎ সঞ্চালনের মূল্যহার হচ্ছে টাকা ০.২৭৪৪। পিডিবি ২৩০ কেভি প্রান্তে পিজিসিবি'র একমাত্র ভোক্তা হওয়ায় তারা এ চার্জ পরিশোধ করবে। আগে এ স্ল্যাট ছিলো না। ১৩২ কিলোভোল্ট প্রান্তে নতুন সঞ্চালন হার নির্ধারণ করা হয়েছে টাকা ০.২৭৬৮; যা আগে ছিল টাকা ০.২২৬৮। ১৩২ কেভি প্রান্তে পিডিবি সহ আরও কয়েকটি বিতরণকারী প্রতিষ্ঠান পিজিসিবি'র গ্রাহক। এছাড়া ৩৩ কিলোভোল্ট প্রান্তে নতুন সঞ্চালন হার হচ্ছে টাকা ০.২৭৯১; যা আগে ছিল টাকা ০.২২৯১। হুইলিং চার্জ বৃদ্ধির কারণে পিজিসিবি'র আর্থিক অবস্থা পূর্বাপেক্ষা ভালো হবে।

২০১৪-২০১৫ অর্থ বছরের উন্নয়ন কর্মসূচীঃ

আলোচ্য অর্থ বছরে পিজিসিবি'র নিজস্ব অর্থায়নে ৫টি এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ৮টি, অর্থ্যাৎ মোট ১৩টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নাধীন ছিল।

ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে ২০১৪-১৫ অর্থবছরের অন্তর্ভুক্ত প্রকল্পসমূহ

- ১) বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি এবং ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন (এনজি-২) প্রকল্প;
- ২) জাতীয় বিদ্যুৎ সঞ্চালন নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্প;
- ৩) পূর্বাঞ্চলে ১৩২ কেভি গ্রীড নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্প;
- ৪) ৪০০/২৩০/১৩২ কেভি গ্রীড নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্প;
- ৫) গ্রীড উপকেন্দ্র ও সঞ্চালন লাইনের ক্ষমতা বর্ধিতকরণ প্রকল্প (ফেজ-১);
- ৬) আশুগঞ্জ - ভুলতা ৪০০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প;
- ৭) ত্রিপুরা (ভারত) - কুমিল্লা (দক্ষিণ উপকেন্দ্র) (বাংলাদেশ) গ্রীড আন্তঃসংযোগ প্রকল্প এবং
- ৮) বাংলাদেশ (ভেড়ামারা)-ভারত (বহরমপুর) বিদ্যমান গ্রীড আন্তঃসংযোগের ক্ষমতা বর্ধিতকরণ (৫০০ মেগাওয়াট) প্রকল্প।

খ) নিজস্ব অর্থায়নে বার্ষিক উন্নয়ন কর্মসূচী বর্ধিত প্রকল্পসমূহ

১. বরিশাল-ভোলা-বোরহানউদ্দিন ২৩০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প;
২. কুলাউড়া এবং শেরপুর এ সংযোগ লাইনসহ দু'টি নতুন ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র প্রকল্প;
৩. গোয়ালপাড়া-বাগেরহাট ১৩২ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন প্রকল্প;
৪. আমনুড়া ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র ও সংশ্লিষ্ট ১৩২ কেভি সঞ্চালন লাইন প্রকল্প এবং
৫. মংলা - খুলনা (দক্ষিণ) ২৩০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প।

অর্থবছর ২০১৪-১৫ এর চলমান উন্নয়ন প্রকল্প সমূহের বিস্তারিত বর্ণনা

ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচীর অন্তর্ভুক্ত প্রকল্পসমূহ

১। বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি সঞ্চালন লাইন এবং ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প

উদ্দেশ্য	: ক) আসন্ন বিবিয়ানা বিদ্যুৎ কেন্দ্রের বিদ্যুৎ ইভাকুয়েশন; খ) সিলেট অঞ্চলের অতিরিক্ত বিদ্যুৎ ইভাকুয়েশন এবং গ) ঢাকা মহানগরের উত্তর-পশ্চিমাংশে পর্যাপ্ত বিদ্যুৎ সরবরাহ।
প্রকল্পের প্রধান উপাদান	: ক) ১৬৮ কিলোমিটার ৪০০ কেভি ডাবল সার্কিট বিবিয়ানা-কালিয়াকৈর লাইন; খ) কালিয়াকৈরে ৪০০/২৩০ কেভি ১ x ৫২০ এমভিএ এবং ৪০০/১৩২ কেভি ২ x ৩২৫ এমভিএ সাবস্টেশন; গ) বিদ্যমান আমিনবাজার-টঙ্গী ২৩০ কেভি ডাবল সার্কিট লাইন হতে কালিয়াকৈরে টার্ন-ইন ও আউট লাইনঃ ৩০ কিমি; ঘ) বিদ্যমান কবিরপুর-টাঙ্গাইল ১৩২ কেভি ডাবল সার্কিট লাইন হতে কালিয়াকৈরে টার্ন-ইন ও আউট লাইনঃ ৮ কিমি; ঙ) কালিয়াকৈর-ধামরাই ১৩২ কেভি সঞ্চালন লাইনঃ ৮ কিমি; চ) ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি ডাবল সার্কিট ৩২ কিলোমিটার সঞ্চালন লাইন এবং ছ) ফেঞ্চুগঞ্জে ২৩০/১৩২ কেভি ১ x ৩০০ এমভিএ গ্রীড সাবস্টেশন নির্মাণ এবং ফেঞ্চুগঞ্জ ১৩২/৩৩ কেভি সাবস্টেশন সংস্কারকরণ।
প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার	: ক) মেসার্স জিএস ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন, কোরিয়া; খ) হাইসাং কর্পোরেশন, কোরিয়া; গ) মেসার্স এসটার-এইচজিপিটি জেভি, মালয়েশিয়া; ঘ) মেসার্স কেইসি ইন্টারন্যাশনাল, ভারত; ঙ) মেসার্স কেইসি ইন্টারন্যাশনাল, ভারত; চ) মেসার্স এসটার-এইচজিপিটি জেভি, মালয়েশিয়া এবং ছ) মেসার্স এবিবি ইন্ডিয়া লিঃ।
প্রাকল্পন	: মোট টাকা ২০,১০৫.৬৫৬ মিলিয়ন। প্রকল্প ঋণ টাকা ১০,৫৮০.৭৫২ মিলিয়ন।
অর্থের উৎস	: ইউসিএফ, কোরিয়া; বাংলাদেশ সরকার এবং পিজিসিবি।
২০১৪-২০১৫ অর্থ বছরে অগ্রগতি	: ১০.০৮ শতাংশ।
জুন, ২০১৫ পর্যন্ত অগ্রগতি	: ৫৮.৪৪ শতাংশ।
সম্পন্নের সময়সীমা	: ডিসেম্বর, ২০১৭।



২। জাতীয় বিদ্যুৎ সঞ্চালন নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্প


উদ্দেশ্য	:	ক) শিকলবাহাতে প্রস্তাবিত ২২৫ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের বিদ্যুৎ ইন্ডাকুয়েশন; খ) রামপুর এবং শিকলবাহা এর মাধ্যমে চট্টগ্রাম মহানগরে নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ এবং গ) এগারটি নতুন ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্রের মাধ্যমে সমগ্র দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ।
প্রকল্পের প্রধান উপাদান	:	ক) চট্টগ্রাম অঞ্চলে পাঁচ কিলোমিটার ভূগর্ভস্থ লাইনসহ ৭৫ কিলোমিটার ডাবল সার্কিট সঞ্চালন লাইন; খ) প্রায় ১৬৮ কিলোমিটার ১৩২ কেভি ডাবল সার্কিট লাইন; গ) প্রায় ১৪ কিলোমিটার ১৩২ কেভি চার সার্কিট লাইন; ঘ) চট্টগ্রাম অঞ্চলে দু'টি ২৩০/১৩২ কেভি ২ X ৩০০ এমভিএ (প্রতিটি) এবং দেশব্যাপী এগারটি ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র (মোট ১,৭৪০ এমভিএ)।
প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার	:	এখনো প্রকল্পের কোন অংশের জন্য ঠিকাদার নিয়োজিত হয়নি।
প্রাক্কলন	:	মোট টাকা ২৪,২৬৬.০৮১ মিলিয়ন। প্রকল্প ঋণ টাকা: ১৭,৬৭৫.২৫৯ মিলিয়ন।
অর্থের উৎস	:	জাইকা, বাংলাদেশ সরকার এবং পিজিসিবি।
২০১৪-২০১৫ অর্থ বছরে অগ্রগতি	:	০.৪৬ শতাংশ।
জুন, ২০১৫ পর্যন্ত অগ্রগতি	:	০.৪৬ শতাংশ।
সম্পন্নের সময়সীমা	:	জুন, ২০১৭।

৩। পূর্বাঞ্চলে ১৩২ কেভি গ্রীড নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্প

উদ্দেশ্য	:	ক) ময়মনসিংহ এলাকায় বিদ্যুৎ সরবরাহের নির্ভরযোগ্যতা বৃদ্ধি; খ) রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বিয়ানিবাজার এবং সুনামগঞ্জ এর ক্রমবর্ধমান চাহিদা পূরণ এবং পার্বত্য এলাকায় নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ এবং গ) বিদ্যমান আশুগঞ্জ-ঘোড়াশাল ১৩২ কেভি সঞ্চালন লাইনের ওভারলোড হ্রাস করা।
প্রকল্পের প্রধান উপাদান	:	ক) প্রায় ২৩৭ কিলোমিটার ১৩২ কেভি ডাবল সার্কিট লাইন; খ) প্রায় ৫৮ কিলোমিটার সিঙ্গেল সার্কিট ১৩২ কেভি লাইন; গ) রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বিয়ানিবাজার, সুনামগঞ্জ (প্রতিটি ৮২ এমভিএ) ১৩২/৩৩ কেভি চারটি গ্রীড উপকেন্দ্র (মোট ৩২৮ এমভিএ) এবং ঘ) নরসিংদী গ্রীড উপকেন্দ্রে একটি ১৩২/৩৩ কেভি ৫০/৭৫ এমভিএ ট্রান্সফরমার স্থাপন এবং উপকেন্দ্রটিকে ডাবল বাসবারে পরিবর্তন।
প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার	:	মেসার্স কোবরা ইনস্টলেশন এন্ড সার্ভিসেস এবং এবিবি ইন্ডিয়া লিঃ, ইন্ডিয়া।
প্রাক্কলন	:	মোট টাকা ৯,৮৬৮.৪০২ মিলিয়ন। প্রকল্প ঋণ টাকা ৬,৯৩২.২৬৮ মিলিয়ন।
অর্থের উৎস	:	এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি), বাংলাদেশ সরকার এবং পিজিসিবি।
২০১৪-২০১৫ অর্থ বছরে অগ্রগতি	:	১৪ শতাংশ।
জুন, ২০১৫ পর্যন্ত অগ্রগতি	:	২৮ শতাংশ।
সম্পন্নের সময়সীমা	:	জুন ২০১৬।

৪। ৪০০/২৩০/১৩২ কেভি গ্রীড নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্প

উদ্দেশ্য	: ক) ঘোড়াশালে নির্মিতব্য বিদ্যুৎ কেন্দ্রসমূহ থেকে বিদ্যুৎ ইভাকুয়েশন; খ) বর্তমান টঙ্গী-ঘোড়াশাল ২৩০ কেভি সঞ্চালন লাইনের ওভারলোড হ্রাস করা; গ) উলন ও ধানমন্ডি এলাকার বিদ্যুতের ভবিষ্যৎ চাহিদা পূরণ করা; ঘ) উলন ১৩২ কেভি উপকেন্দ্রের পুরাতন ইকুইপমেন্টসমূহ প্রতিস্থাপন করা এবং ঙ) বর্তমান আশুগঞ্জ-ঘোড়াশাল ১৩২ কেভি সঞ্চালন লাইনের ওভারলোড হ্রাস করা।
প্রকল্পের প্রধান উপাদান	: ক) প্রায় ২৮ কিলোমিটার ৪০০ কেভি সঞ্চালন লাইন; খ) প্রায় ৫৫.৩ কিলোমিটার ২৩০ কেভি সঞ্চালন লাইন; গ) প্রায় ১৭৩ কিলোমিটার ১৩২ কেভি সঞ্চালন লাইন; ঘ) ৪টি ২৩০/১৩২/৩৩ কেভি উপকেন্দ্র (প্রতিটি ২x৩০০ এমভিএ) এবং ১টি ২৩০/১৩২ কেভি সুইচিং স্টেশন; ঙ) দেশব্যাপী বারটি ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র (মোট ২,০৯২ এমভিএ); চ) বে সম্প্রসারণ (২৩০ কেভি ৬টি, ১৩২ কেভি ৪টি) এবং ছ) একটি ১৩২/৩৩ কেভি সাবস্টেশন আপগ্রেডেশন।
প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার	: প্রকল্পের কোন অংশের জন্য ঠিকাদার নিয়োজিত হয়নি।
প্রাকল্পন	: মোট টাকা ৩২,২৭০.৭২৯ মিলিয়ন। প্রকল্প ঋণ টাকা ২৩,৩৮১.৬৪০ মিলিয়ন।
অর্থের উৎস	: এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি), ইসলামিক উন্নয়ন ব্যাংক (আইডিবি), বাংলাদেশ সরকার এবং পিজিসিবি।
২০১৪-২০১৫ অর্থ বছরে অগ্রগতি	: ৪.৯২ শতাংশ।
জুন, ২০১৫ পর্যন্ত অগ্রগতি	: ৭.৪৪ শতাংশ।
সম্পন্নের সময়সীমা	: জুন ২০১৭।




৫। গ্রীড উপকেন্দ্র ও সঞ্চালন লাইনের ক্ষমতা বর্ধিতকরণ প্রকল্প (ফেজ-১)

উদ্দেশ্য	: ক) বিদ্যমান ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্রসমূহের ক্ষমতা বর্ধিতকরণ; খ) ঢাকা অঞ্চলে বিদ্যুৎ সরবরাহের নির্ভরযোগ্যতা বৃদ্ধি করা এবং গ) বিদ্যমান কিছু সঞ্চালন লাইনের সংস্কার/ আপ-গ্রেডেশন করা।
প্রকল্পের প্রধান উপাদান	: ক) ২৩০ কেভি লাইন হতে লাইন-ইন-লাইন-আউটঃ ১ কিমি; খ) ১৩২ কেভি লাইনঃ ১০৭.৫ কিমি; গ) ১টি ২৩০/১৩২/৩৩ কেভি জিআইএস সাবস্টেশনঃ ৩x৩০০ এমভিএ এবং ২x৫০/৭৫ এমভিএ; ঘ) পাঁচটি ১৩২/৩৩ কেভি সাবস্টেশনঃ সর্বমোট ৬৯৬ এমভিএ; ঙ) ১৩২/৩৩ কেভি ট্রি-ফেজ পাওয়ার ট্রান্সফর্মারঃ ১০ টি; চ) ১৩২ কেভি ডাবল সার্কিট লাইন রিকন্সট্রিং - ২২৯ কিমি; ছ) বিদ্যমান ১৩২ কেভি ডাবল সার্কিট লাইনে সিঙ্গেল সার্কিট স্ট্রিংগিং - ৫১ কিমি এবং জ) বে-এক্সটেনশনঃ ৬ টি।
প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার	: প্রকল্পের কোন অংশের জন্য ঠিকাদার নিয়োজিত হয়নি।
প্রাক্কলন	: মোট টাকা ১৩,৩২৬.৭৬৩ মিলিয়ন। প্রকল্প ঋণ টাকা ৯,১২৩.৩২১ মিলিয়ন।
অর্থের উৎস	: বিশ্ব ব্যাংক, বাংলাদেশ সরকার এবং পিজিসিবি।
২০১৪-২০১৫ অর্থ বছরে অগ্রগতি	: ০.৯০ শতাংশ।
জুন, ২০১৫ পর্যন্ত অগ্রগতি	: ০.৯০ শতাংশ।
সম্পন্নের সময়সীমা	: ডিসেম্বর, ২০১৭।

৬। আশুগঞ্জ - ভুলতা ৪০০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প

উদ্দেশ্য	: আশুগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের নির্মিতব্য ইউনিটসমূহ থেকে ঢাকা অঞ্চলের দিকে বিদ্যুৎ সঞ্চালন ব্যবস্থা শক্তিশালীকরণ ও এর ক্ষমতা বর্ধিতকরণ।
প্রকল্পের প্রধান উপাদান	: ক) প্রায় ১৪০ কিলোমিটার ৪০০ কেভি সঞ্চালন লাইন; খ) প্রায় ১৬ কিলোমিটার ২৩০ কেভি সঞ্চালন লাইন এবং গ) ভুলতায় ১টি ৪০০/২৩০ কেভি উপকেন্দ্র (২x৫২০ এমভিএ)।
প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার	: কেইসি ইন্টারন্যাশনাল লিঃ, ইন্ডিয়া এবং এবিবি ইন্ডিয়া লিঃ, ইন্ডিয়া ও এবিবি এজি।
প্রাক্কলন	: মোট টাকা ৮,৫৩৬.৮০৭ মিলিয়ন।
অর্থের উৎস	: বাংলাদেশ সরকার এবং পিজিসিবি।
২০১৪-২০১৫ অর্থ বছরে অগ্রগতি	: ১০ শতাংশ।
জুন, ২০১৫ পর্যন্ত অগ্রগতি	: ১০ শতাংশ।
সম্পন্নের সময়সীমা	: জুন, ২০১৭।



৭। ত্রিপুরা (ভারত) - কুমিল্লা (দক্ষিণ উপকেন্দ্র) (বাংলাদেশ) গ্রীড আন্তঃসংযোগ প্রকল্প

উদ্দেশ্য	: ভারতের ত্রিপুরার পালাতানা বিদ্যুৎ কেন্দ্র থেকে বাংলাদেশের কুমিল্লা দক্ষিণ উপকেন্দ্রে ১০০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানিকরণ এবং এর মাধ্যমে বাংলাদেশের ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদা পূরণ।
প্রকল্পের প্রধান উপাদান	: ক) ত্রিপুরা সীমান্ত থেকে কুমিল্লা (উত্তর) উপকেন্দ্র পর্যন্ত ৪০০ কেভি ডাবল সার্কিট সম্বলন লাইন - ২৭ কিলোমিটার; খ) কুমিল্লা (উত্তর) থেকে কুমিল্লা (দক্ষিণ) উপকেন্দ্র পর্যন্ত ১৩২ কেভি ডাবল সার্কিট সম্বলন লাইন - ১৬ কিলোমিটার এবং গ) কুমিল্লা (দক্ষিণ) উপকেন্দ্রে ১৩২ কেভি বে সম্প্রসারণ।
প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার	: জিএস ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন, কেইসি ইন্টারন্যাশনাল লিঃ, ইন্ডিয়া এবং এনার্জিপ্যাক ইঞ্জিনিয়ারিং লিঃ, বাংলাদেশ।
প্রাক্কলন	: মোট টাকা ১,৭৯৪.৫০৪ মিলিয়ন।
অর্থের উৎস	: বাংলাদেশ সরকার এবং পিজিসিবি।
২০১৪-২০১৫ অর্থ বছরে অগ্রগতি	: ৩৭.৯৩ শতাংশ।
জুন, ২০১৫ পর্যন্ত অগ্রগতি	: ৩৭.৯৩ শতাংশ।
সম্পন্নের সময়সীমা	: জুন, ২০১৬।

৮। বাংলাদেশ (ভেড়ামারা)-ভারত (বহরমপুর) বিদ্যমান গ্রীড আন্তঃসংযোগের ক্ষমতা বর্ধিতকরণ (৫০০ মেগাওয়াট) প্রকল্প

উদ্দেশ্য	: ক) বিদ্যমান বাংলাদেশ-ভারত গ্রীড আন্তঃসংযোগের ক্ষমতা বাড়িয়ে ভারত থেকে অতিরিক্ত ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানিকরণ এবং খ) বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণের মাধ্যমে উভয় দেশের আর্থ-সামাজিক অগ্রগতি সাধন।
প্রকল্পের প্রধান উপাদান	: ক) রিভার ক্রসিং টাওয়ারসহ ভেড়ামারা-ঈশ্বরদী ডাবল সার্কিট ২৩০ কেভি সম্বলন লাইন - ১২ কিলোমিটার; খ) ভেড়ামারায় ৫০০ মেগাওয়াট HVDC ব্যাক-টু-বাক স্টেশন এবং গ) ৪টি ২৩০ কেভি বে সম্প্রসারণ (ঈশ্বরদী ২৩০/১৩২ কেভি উপকেন্দ্রে ২টি ও ভেড়ামারা HVDC স্টেশনে ২টি)।
প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার	: পিজিসিআইএল, ইন্ডিয়া (কনসালটেন্সি সার্ভিস)।
প্রাক্কলন	: মোট টাকা ১৪,০৪৭.৯৬৫ মিলিয়ন। প্রকল্প ঋণ টাকা ১০,২৮৬.৯৮১ মিলিয়ন।
অর্থের উৎস	: এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি), বাংলাদেশ সরকার এবং পিজিসিবি।
২০১৪-২০১৫ অর্থ বছরে অগ্রগতি	: ০.৫০ শতাংশ।
জুন, ২০১৫ পর্যন্ত অগ্রগতি	: ০.৫০ শতাংশ।
সম্পন্নের সময়সীমা	: জুন, ২০১৮।

খ) নিজস্ব অর্থায়নে বার্ষিক উন্নয়ন কর্মসূচী বহির্ভূত প্রকল্পসমূহ

১। বরিশাল-ভোলা-বোরহানুদ্দিন ২৩০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প

উদ্দেশ্য	:	আসন্ন ভোলা বিদ্যুৎ কেন্দ্রের বিদ্যুৎ ইভাকুয়েশন।
প্রকল্পের প্রধান প্রধান অংশ	:	ক) ৬১ কিলোমিটার ২৩০ কেভি সঞ্চালন লাইন এবং খ) বরিশালে ২৩০/১৩২ কেভি ২x৩০০ এমভিএ গ্রীড উপকেন্দ্র নির্মাণ।
প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার	:	কেইসি ইন্টারন্যাশনাল লিঃ, ইন্ডিয়া এবং শানডং তাইকাই পাওয়ার ইঞ্জিঃ কোং লিঃ, চীন
প্রাক্কলিত ব্যয়	:	মোট টাকা ৪,৫৩৪.২৬ মিলিয়ন। এর মধ্যে বৈদেশিক মুদ্রা টাকা ২,৮৬৪.১০ মিলিয়ন।
অর্থায়নের উৎস	:	এইচএসবিসি ব্যাংক এবং পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ
২০১৪-১৫ অর্থ বছরে অগ্রগতি	:	২৯.২২ শতাংশ।
জুন ২০১৫ পর্যন্ত অগ্রগতি	:	৯৪.৬০ শতাংশ।
সমাপ্তকরণ সময়	:	ডিসেম্বর, ২০১৫।

২। কুলাউড়া এবং শেরপুর এ সংযোগ লাইনসহ দু'টি নতুন গ্রীড উপকেন্দ্র

উদ্দেশ্য	:	কুলাউড়া এবং শেরপুর এ নির্ভরযোগ্য ও ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা মেটানো।
প্রকল্পের প্রধান প্রধান অংশ	:	ক) ৪৫ কিলোমিটার ১৩২ কেভি সঞ্চালন লাইন এবং খ) কুলাউড়ায় ১৩২/৩৩ কেভি, ২ x ২৫/৪১ এমভিএ গ্রীড উপকেন্দ্র এবং শেরপুরে ১৩২/৩৩ কেভি, ২ x ৩৫/৫০ এমভিএ গ্রীড উপকেন্দ্র নির্মাণ।
প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার	:	কেইসি ইন্টারন্যাশনাল লিঃ, ইন্ডিয়া এবং এনার্জিপ্যাক ইঞ্জিঃ লিঃ, বাংলাদেশ
প্রাক্কলিত ব্যয়	:	মোট টাকা ২,১৭৪.৭০ মিলিয়ন। এর মধ্যে বৈদেশিক মুদ্রা: টাকা ১,২৭২.৩১ মিলিয়ন।
অর্থায়নের উৎস	:	পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ।
২০১৪-১৫ অর্থ বছরে অগ্রগতি	:	৪.১৮ শতাংশ।
জুন ২০১৫ পর্যন্ত অগ্রগতি	:	৯৯.৪৪ শতাংশ।
সমাপ্তকরণ সময়	:	ডিসেম্বর, ২০১৫।

৩। গোয়ালপাড়া-বাগেরহাট ১৩২ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন প্রকল্প


উদ্দেশ্য	:	গোয়ালপাড়া বিদ্যুৎ কেন্দ্রের বিদ্যুৎ ইভাকুয়েশন এবং বাগেরহাট পর্যন্ত সঞ্চালন ব্যবস্থা নির্মাণ।
প্রকল্পের প্রধান প্রধান অংশ	:	ক) ৪৫ কিলোমিটার ১৩২ কেভি সঞ্চালন লাইন এবং খ) চারটি বে সম্প্রসারণ।
প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার	:	এনার্জিপ্যাক ইঞ্জিঃ লিঃ, বাংলাদেশ এবং কেইসি ইন্টারন্যাশনাল লিঃ, ইন্ডিয়া
প্রাক্কলিত ব্যয়	:	মোট টাকা ৯০৭ মিলিয়ন। এর মধ্যে বৈদেশিক মুদ্রা টাকা ৪৪১.৭০২ মিলিয়ন।
অর্থায়নের উৎস	:	পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ
২০১৪-১৫ অর্থ বছরে অগ্রগতি	:	৪৩.৫৫ শতাংশ।
জুন ২০১৫ পর্যন্ত অগ্রগতি	:	৬৮ শতাংশ।
সমাপ্তকরণ সময়	:	ডিসেম্বর, ২০১৫।

৪। আমনুরা ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র ও সংশ্লিষ্ট ১৩২ কেভি সম্বলন লাইন প্রকল্প

উদ্দেশ্য	:	ক) আমনুরায় বিদ্যমান ৫০ মেগাওয়াট ও নির্মিতব্য ১০০ মেগাওয়াট বিদ্যুৎ কেন্দ্র থেকে পাওয়ার ইভাকুয়েশন; খ) আমনুরা ও পার্শ্ববর্তী এলাকার ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদা পূরণ করা এবং গ) সম্বলন ব্যবস্থার নির্ভরযোগ্যতা বৃদ্ধি করা ও ট্রান্সমিশন লস হ্রাস করা।
প্রকল্পের প্রধান প্রধান অংশ	:	ক) আমনুরায় ১৩২/৩৩ কেভি ১X৩৫/৫০ এমভিএ উপকেন্দ্র এবং খ) ১৩২ কেভি সিঙ্গেল সার্কিট পোল লাইন - ১৫ কিলোমিটার নির্মাণ।
প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার	:	এনার্জিপ্যাক ইঞ্জিঃ লিঃ, বাংলাদেশ
প্রাক্কলিত ব্যয়	:	মোট টাকা ৯১৬.৬৫৪ মিলিয়ন। এর মধ্যে বৈদেশিক মুদ্রা টাকা ৫০০.২৬৪ মিলিয়ন।
অর্থায়নের উৎস	:	পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ
২০১৪-১৫ অর্থ বছরে অগ্রগতি	:	১.৫০ শতাংশ।
জুন ২০১৫ পর্যন্ত অগ্রগতি	:	১.৫০ শতাংশ।
সমাপ্তকরণ সময়	:	জুন, ২০১৬।

৫। মংলা - খুলনা (দক্ষিণ) ২৩০ কেভি সম্বলন লাইন প্রকল্প

উদ্দেশ্য	:	ক) মংলায় নির্মিতব্য বিদ্যুৎ কেন্দ্র (১ম ইউনিট ৬৬০ মেগাওয়াট) থেকে পাওয়ার ইভাকুয়েশন এবং খ) মংলা বিদ্যুৎ কেন্দ্রে ব্যাক ফিড পাওয়ার সরবরাহকরণ।
প্রকল্পের প্রধান প্রধান অংশ	:	ক) ২৩০ কেভি ফোর সার্কিট সম্বলন লাইন - ২৪ কিলোমিটার এবং খ) খুলনায় ২৩০ কেভি বে সম্প্রসারণ।
প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার	:	যৌথ উদ্যোগে ইএমসি লিঃ, ভারত ও টিবিইএ কোং লিঃ, চীন
প্রাক্কলিত ব্যয়	:	মোট টাকা ১,৩৯৭.৭৬৪ মিলিয়ন। এর মধ্যে বৈদেশিক মুদ্রা টাকা ৬৭৩.৬৫৮ মিলিয়ন।
অর্থায়নের উৎস	:	পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ
২০১৪-১৫ অর্থ বছরে অগ্রগতি	:	১.০০ শতাংশ।
জুন ২০১৫ পর্যন্ত অগ্রগতি	:	১.০০ শতাংশ।
সমাপ্তকরণ সময়	:	ডিসেম্বর, ২০১৭।



২০১৪-১৫ অর্থবছরে সমাপ্ত প্রকল্পসমূহের তালিকাঃ

১। আমিনবাজার-পুরাতন বিমান বন্দর ২৩০ কেভি সঞ্চালন লাইন এবং সংশ্লিষ্ট গ্রীড উপকেন্দ্র প্রকল্প

উদ্দেশ্য	:	ক) ঢাকার পশ্চিম অংশে নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ করা এবং বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা মেটানো এবং খ) সমগ্র সঞ্চালন সিস্টেমের সঞ্চালন লস হ্রাস করা।
প্রকল্পের প্রধান উপাদান	:	ক) আভারগ্রাউন্ড ছয় কিলোমিটার সহ ১০ কিলোমিটার ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ; খ) ১৫ কিলোমিটার আভারগ্রাউন্ড ১৩২ কেভি সঞ্চালন লাইন নির্মাণ; গ) পুরাতন বিমানবন্দর ২৩০/১৩২/৩৩ কেভি GIS গ্রীড উপকেন্দ্র নির্মাণ এবং ঘ) ক্যান্টনমেন্ট এবং ঢাকা বিশ্ববিদ্যালয় (সাতমসজিদে স্থানান্তরিত) এলাকায় ১৩২/৩৩ কেভি GIS গ্রীড উপকেন্দ্র নির্মাণ।
প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার	:	সিসিসি-ইটার্ণ, চায়না; সিমেন্স, জার্মানী; সিমেন্স লিঃ, ইন্ডিয়া এবং সিমেন্স লিঃ বাংলাদেশ, যৌথ উদ্যোগ।
প্রাক্কলন	:	মোট টাকা ৭,৫৩৮.০৪৫ মিলিয়ন। প্রকল্প ঋণ টাকা ৫,৬৯৪.০৮৯ মিলিয়ন।
অর্থের উৎস	:	এডিবি, বাংলাদেশ সরকার এবং পিজিসিবি।
২০১৪-২০১৫ অর্থ বছরে অগ্রগতি	:	০.৪৩ শতাংশ।
জুন, ২০১৫ পর্যন্ত অগ্রগতি	:	১০০ শতাংশ।
সম্পন্নের সময়সীমা	:	ডিসেম্বর, ২০১৪।

২। সিদ্ধিরগঞ্জ-মানিকগঞ্জ ২৩০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প

উদ্দেশ্য	:	ক) সিদ্ধিরগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের বিদ্যুৎ ইভাকুয়েশন এবং খ) মানিকগঞ্জ এবং তদসংলগ্ন এলাকার ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা মেটানো।
প্রকল্পের প্রধান উপাদান	:	ক) ১১ কিলোমিটার ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ এবং খ) সিদ্ধিরগঞ্জে ২৩০/১৩২ কেভি ২x২২৫ এমভিএ এবং মানিকগঞ্জে ২৩০/১৩২ কেভি ২x৩০০ এমভিএ গ্রীড সাবস্টেশন স্থাপন।
প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার	:	ক) কেইসি ইন্টারন্যাশনাল, ভারত; (খ) শেংডং ওয়াজহক ও শেংডং টাইকাই, চীন যৌথ উদ্যোগ।
প্রাক্কলন	:	মোট টাকা ৩,৯১৭.২৫ মিলিয়ন। প্রকল্প ঋণ টাকা ২,৯১৪.৮৩১ মিলিয়ন।
অর্থের উৎস	:	বিশ্বব্যাংক, বাংলাদেশ সরকার এবং পিজিসিবি।
জুন, ২০১৫ পর্যন্ত অগ্রগতি	:	১০০ শতাংশ।
সম্পন্নের সময়সীমা	:	জুন ২০১৫।



৩। ফিসিবিলিটি স্টাডি ফর দ্য ট্রান্সমিশন সিস্টেম ইমপ্রুভমেন্ট, ওয়েস্টার্ন জোন

উদ্দেশ্য	: ক) বিদ্যুৎ খাতে পশ্চিমাঞ্চলীয় সঞ্চালন ব্যবস্থায় পরিকল্পিত অবকাঠামো বৃদ্ধির কারিগরী ও আর্থিক যথার্থতা নিরূপণ; খ) প্রকল্প এলাকায় বিদ্যুৎ খাতের অবস্থা নিরূপণ, নেটওয়ার্ক এনালাইসিস, রুট সনাক্তকরণ, উপকেন্দ্রের জন্য স্থান নির্বাচন প্রভৃতি; গ) প্রকল্প সংশ্লিষ্ট এলাকায় বসবাসরত জনগোষ্ঠীর আর্থ-সামাজিক জীবনযাত্রার উপর প্রকল্পের সুফল যাচাইকরণ এবং ঘ) প্রকল্পের ব্যয় প্রাক্কলন এবং ইকোনমিক ও ফাইন্যান্সিয়াল এনালাইসিস প্রস্তুতকরণ।
প্রকল্পের আওতায় স্টাডির বিষয়সমূহ	: ক) ১৩২ কেভি সঞ্চালন ব্যবস্থা, পশ্চিমাঞ্চলীয় গ্রীড নেটওয়ার্কে অতিরিক্ত সংযুক্তি (খুলনা, গোপালগঞ্জ, মাদারীপুর); খ) ঈশ্বরদী-রাজশাহী ২৩০ কেভি সঞ্চালন লাইন; গ) বিনাইদহ ২৩০/১৩২ কেভি উপকেন্দ্র; ঘ) পানসায় (রাজবাড়ী) ১৩২/৩৩ কেভি AIS উপকেন্দ্র; ঙ) মিঠাপুকুরে (রংপুর) ১৩২/৩৩ কেভি AIS উপকেন্দ্র; চ) ভানুয়ায় ১৩২/৩৩ কেভি AIS উপকেন্দ্র এবং ছ) বগুড়ায় ২৩০/১৩২ কেভি উপকেন্দ্র নির্মাণ।
প্রাক্কলন	: মোট টাকা ৫০.০৬৯ মিলিয়ন। প্রকল্প ঋণ ০.৪৭১ মিলিয়ন ইউরো।
অর্থের উৎস	: কেএফডব্লিউ এবং পিজিসিবি।
২০১৪-২০১৫ অর্থ বছরে অগ্রগতি	: ৬০.১২ শতাংশ।
জুন, ২০১৫ পর্যন্ত অগ্রগতি	: ১০০ শতাংশ।
সম্পন্নের সময়সীমা	: জুন, ২০১৫।

৪। বিবিয়ানা ২৩০ কেভি সুইচিং সাবস্টেশন প্রকল্প

উদ্দেশ্য	: ক) বিবিয়ানা বিদ্যুৎ কেন্দ্র থেকে জাতীয় গ্রীডে বিদ্যুৎ সঞ্চালন এবং খ) সিলেট এলাকায় সরবরাহ ব্যবস্থায় নির্ভরযোগ্যতা বৃদ্ধি ও সঞ্চালন ব্যবস্থার ক্ষমতা বর্ধিতকরণ।
প্রকল্পের প্রধান উপাদান	: ক) বিবিয়ানা ২৩০ কেভি সুইচিং সাবস্টেশন নির্মাণ এবং খ) বিবিয়ানা উপকেন্দ্রে ফেঞ্চগঞ্জ-কুমিল্লা (উত্তর) হতে ২৩০ কেভি লাইন-ইন-লাইন-আউট (০.৯৭ কিঃমিঃ) নির্মাণ।
প্রকল্প বাস্তবায়নে ঠিকাদার	: এবিবি ইন্ডিয়া লিঃ, এন এন বিল্ডার্স।
প্রাক্কলন	: মোট টাকা ১,১৭৩.২০ মিলিয়ন।
অর্থের উৎস	: পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ।
জুন, ২০১৫ পর্যন্ত অগ্রগতি	: ১০০ শতাংশ।
সম্পন্নের সময়সীমা	: জুন, ২০১৫।

নির্মাণ কাজের জন্য ২০১৪-১৫ অর্থবছর স্বাক্ষরিত চুক্তিসমূহ :

সাবস্টেশন নির্মাণ কাজের জন্য ২০১৪-২০১৫ অর্থবছরে পিজিসিবি বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে দ্বিপক্ষীয় সমঝোতার ভিত্তিতে নিম্নোক্ত চুক্তিসমূহ স্বাক্ষর করেছে :

ক্রমিক নং	কাজের বর্ণনা	চুক্তি স্বাক্ষরের তারিখ ও প্রতিষ্ঠান	কার্য সম্পাদনের সময়	অর্থায়নের উৎস
১	১৩২/৩৩ কেভি ১০টি সাবস্টেশন এর ডিজাইন, সাপ্লাই, ইরেকশন, টেস্টিং এবং কমিশনিং, ট্রাক-১ (টার্গিক)।	সেপ্টেম্বর ১৮, ২০১৪ এবিবি ইন্ডিয়া লিঃ, ভারত	ত্রিশ মাস	এডিবি
২	কুমিল্লা (সাউথ) বিদ্যমান সাবস্টেশনে ২টি নতুন ১৩২ কেভি বে নির্মাণ।	এপ্রিল ১৫, ২০১৫, এনার্জিপ্যাক ইঞ্জিনিয়ারিং লিঃ, বাংলাদেশ	আট মাস	পিজিসিবি
৩	সাত মসজিদ সাবস্টেশন-এ ৩৬ কেভি ক্যাবল টারমিনেশন ও সাস প্যানেলের ডিজাইন, সাপ্লাই, টেস্টিং এবং কমিশনিং	জুন ১৬, ২০১৫ সিম্যাক্স কনসারটিয়াম ক্যান্টনমেন্ট এন্ড ঢাকা ইউনিভার্সিটি প্রজেক্ট	আট মাস	ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ
৪	১৩২/৩৩ কেভি কড্ডা সাবস্টেশনে ৪টি ট্রান্সফরমার বে এবং ১২টি ৩৩কেভি ফিডার বে-সম্প্রসারণ।	জুন ২৩, ২০১৫ জিয়াংসু ইটার্ন কোঃ লিঃ (ইটার্ন), চায়না	পনের মাস	বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড / পল্লী বিদ্যুত সমিতি

বর্ষিত অর্থবছরে সঞ্চালন লাইন নির্মাণের জন্য নিম্নোক্ত চুক্তিগুলো স্বাক্ষর করা হয়েছে :

ক্রমিক নং	কাজের বর্ণনা	চুক্তি স্বাক্ষরের তারিখ ও প্রতিষ্ঠান	কার্য সম্পাদনের সময়	অর্থায়নের উৎস
১	১৩২ কেভি পূর্বাঞ্চল গ্রীড নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্পের আওতায় ১৩২ কেভি সঞ্চালন লাইন নির্মাণ প্রকল্প, লট-১	১৫-০৯-২০১৫ কোবরা, স্পেন	৯০০ দিন	এডিবি
২	ত্রিপুরা (ভারত)-কুমিল্লা (বাংলাদেশ) প্রকল্পের আওতায় গ্রীড আন্তঃসংযোগ কুমিল্লা নর্থ-কুমিল্লা সাউথ ১৩২কেভি সঞ্চালন লাইন নির্মাণ প্রকল্প	০৮-০৩-২০১৫ কেইসি, ইন্ডিয়া	১০ মাস	জিওবি এবং পিজিসিবি
৩	ত্রিপুরা (ভারত)-কুমিল্লা (বাংলাদেশ) প্রকল্পের আওতায় গ্রীড আন্তঃসংযোগ কুমিল্লা নর্থ-ত্রিপুরা ৪০০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ প্রকল্প	১৫-০৩-২০১৫ জিএস, কোরিয়া	১০ মাস	জিওবি এবং পিজিসিবি
৪	৪০০ কেভি আশুগঞ্জ-ভুলতা সঞ্চালন লাইন নির্মাণ প্রকল্প	২০-০৫-২০১৫ কেইসি, ইন্ডিয়া	৬০০ দিন	জিওবি এবং পিজিসিবি

অর্থ বছর ২০১৪-১৫ এর প্রধান অর্জন সমূহ

২০১৪-১৫ অর্থবছরে উল্লেখযোগ্য সংখ্যক ও গুরুত্বপূর্ণ প্রকল্পের কাজ সম্পন্ন হওয়ায় পিজিসিবি'র সঞ্চালন নেটওয়ার্কে সঞ্চালন ক্ষমতা ও কার্যপরিধি সম্প্রসারিত হয়েছে। আলোচ্য অর্থ বছরে বিবিয়ানায় ৪০০/২৩০ কেভি, ১X৫২০ এমভিএ ক্ষমতার উপকেন্দ্র নির্মাণ কাজ সম্পন্ন করে চালু করা হয়েছে। তাছাড়া ২০১৪-১৫ অর্থবছরেই অত্যন্ত গুরুত্বপূর্ণ বরিশাল-ভোলা-বোরহানউদ্দিন ২৩০ কেভি লাইন এবং বরিশাল ২৩০/১৩২ কেভি উপকেন্দ্র নির্মাণ সম্পন্ন করা হয়েছে। ফলে সম্প্রতি নির্মিত ভোলা ২২৫ মে:ও: বিদ্যুৎ কেন্দ্রের উৎপাদিত বিদ্যুৎ উক্ত লাইনের মাধ্যমে জাতীয় গ্রীড নেটওয়ার্কে ইন্ট্রাকুয়েশন করা সম্ভব হচ্ছে।

নির্মাণাধীন উন্নয়ন প্রকল্প সমূহের মধ্যে আলোচ্য ২০১৪-১৫ বছর নিম্নে উল্লিখিত সঞ্চালন লাইন এবং গ্রীড উপকেন্দ্র নির্মাণের পর চালু করা হয়েছে

ক্রমিক নং	সঞ্চালন লাইন	পরিমাণ সার্কিট কি:মি:
১	বরিশাল-ভোলা-বোরহানউদ্দিন ২৩০ কেভি ডাবল সার্কিট লাইন	১২৫
২	বিবিয়ানায় ফেঞ্চুগঞ্জ-কুমিল্লা(উ:) ২৩০ কেভি ডাবল সার্কিট লাইন ইন-আউট (LILO) করন।	২
৩	ফেঞ্চুগঞ্জ-কুলাউড়া ১৩২ কেভি ডাবল সার্কিট লাইন	৫০
৪	জামালপুর-শেরপুর ১৩২ কেভি ডাবল সার্কিট লাইন	৪০
৫	আগারগাঁও সাত মসজিদ ১৩২ কেভি ডাবল সার্কিট লাইন	১৬.৫৯ (ভূগর্ভস্থ ক্যাবল)
৬	নব নির্মিত কড্ডা বিদ্যুৎ কেন্দ্রে জয়দেবপুর-কবিরপুর ১৩২ কেভি ডাবল সার্কিট লাইন ইন-আউট (LILO) করন।	৬

ক্রমিক নং	গ্রীড উপকেন্দ্রের নাম	সক্ষমতা
১	বিবিয়ানায় ৪০০/২৩০ কেভি উপকেন্দ্র	১X৫২০ এমভিএ
২	বরিশাল ২৩০/১৩২ কেভি উপকেন্দ্র	১X৩০০ এমভিএ
৩	কুলাউড়া ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র	২X২৫/৪১ এমভিএ
৪	শেরপুর ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র	২X৩৫/৫০ এমভিএ
৫	সাত মসজিদ ১৩২/৩৩ কেভি জিআইএস উপকেন্দ্র	১X৮০/১২০ এমভিএ



বছর ভিত্তিক পিজিসিবি'র ব্যবস্থাপনামূলক বিদ্যুৎ সঞ্চালন অবকাঠামো নিচে বর্ণনা করা হলো।

অর্থ বছর	সঞ্চালন লাইন (সার্কিট কি.মি.)			গ্রীড উপকেন্দ্র							
	৪০০ কেভি	২৩০ কেভি	১৩২ কেভি	এইসভিডিসি		৪০০/২৩০ কেভি		২৩০/১৩২ কেভি		১৩২/৩৩ কেভি	
				সংখ্যা	ক্ষমতা এমভিএ	সংখ্যা	ক্ষমতা এমভিএ	সংখ্যা	ক্ষমতা এমভিএ	সংখ্যা	ক্ষমতা এমভিএ
২০০৮-০৯	-	২,৬৪৪.৫	৫,৬০৭.৬	-	-	-	-	১৩	৬,০৭৫	৭১	৭,৩৯৯
২০০৯-১০	-	২,৬৪৭.৩	৫,৬৭০.৩	-	-	-	-	১৩	৬,৩০০	৭৫	৭,৮৪৪
২০১০-১১	-	২,৬৪৭.৩	৬,০১৮	-	-	-	-	১৩	৬,৬৭৫	৮১	৮,৪৩৭
২০১১-১২	-	২,৬৪৭.৩	৬,০৮০	-	-	-	-	১৩	৬,৬৭৫	৮৩	৮,৭৩৭
২০১২-১৩	-	৩,০২০.৭৭	৬,০৮০	-	-	-	-	১৫	৬,৬৭৫	৮৪	৯,৭০৫
২০১৩-১৪	১৬৪.৭০	৩,০৪৪.৭০	৬,১২০	১	৫০০ মে:ও:	-	-	১৮	৮,৭৭৫	৮৬	১০,৭১৪.৩
২০১৪-১৫	১৬৪.৭০	৩,১৭১.৪৫	৬,২৭৩.৬৩	১	৫০০ মে:ও:	১	৫২০	১৯	৯,০৭৫	৮৯	১১,৯৬৩.৭২

স্মারনী-৫ঃ পিজিসিবি'র বিগত সাত বছরের সঞ্চালন অবকাঠামো।

বিশেষ দৃষ্টব্যঃ বর্ণিত অবকাঠামোর একটি অংশ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং সাবেক ঢাকা ইলেকট্রিক সাপ্লাই অথরিটি হতে বিভিন্ন ক্রয় চুক্তির মাধ্যমে পিজিসিবি পেয়েছে।

বেশ কয়েকটি উন্নয়নমূলক প্রকল্প সমাপ্ত হওয়ায় আলোচ্য ২০১৪-২০১৫ অর্থ বছরে উল্লেখযোগ্য পরিমাণ সঞ্চালন অবকাঠামো সঞ্চালন সিস্টেমে যুক্ত হয়েছে। ২০১৪-২০১৫ অর্থবছর শেষে অবকাঠামো সুবিধা বিশ্লেষণে দেখা যায় যে, পূর্ববর্তী বৎসরের তুলনায় আলোচ্য অর্থবছরে ২৩০ কেভি সঞ্চালন লাইন ১২৬.৭৫ সার্কিট কিলোমিটার বেড়েছে এবং ১৩২ কেভি সঞ্চালন লাইন ১৫৩.৬৩ সার্কিট কিলোমিটার বেড়েছে। আলোচ্য ২০১৪-১৫ অর্থ বছরে ট্রান্সফরমারের ক্ষমতা পূর্ববর্তী অর্থবছরের তুলনায় ২৩০/১৩২ কেভি স্তরে ৩০০ এমভিএ এবং ১৩২/৩৩ কেভি স্তরে ১,২৪৯.৪২ এমভিএ বৃদ্ধি পেয়েছে।

উল্লেখ্য, পিজিসিবি আলোচ্য অর্থবছরে বিবিয়ানায় বাংলাদেশের প্রথম ৪০০/২৩০ কেভি গ্রীড উপকেন্দ্র নির্মাণ কাজ সম্পন্ন করেছে। যার মাধ্যমে বর্তমানে বিবিয়ানা-২ (সিসিপিপি) বিদ্যুৎ কেন্দ্রের উৎপাদিত বিদ্যুৎ যথার্থভাবে ইভাকুয়েশন করা সম্ভব হচ্ছে।

উপরন্তু বরিশাল-ভোলা-বোরহানউদ্দিন ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণের মাধ্যমে পিডিবি কর্তৃক সম্প্রতি নির্মিত ভোলা ২২৫ মে:ও: (সিসিপিপি) বিদ্যুৎ কেন্দ্রের উৎপাদিত বিদ্যুৎ বর্তমানে ইভাকুয়েশন নিশ্চিত করা সম্ভব হয়েছে।



ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনাঃ

বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা মেটানো এবং সকল ঘরে বিদ্যুৎ পৌঁছে দেয়ার লক্ষ্যে সরকারের প্রতিশ্রুতি অর্জনে পিজিসিবি বিপুল উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করেছে যা সঞ্চালন সিস্টেমকে বলবান করবে। পরিকল্পনার একটি সংক্ষিপ্ত তালিকা নিচে বর্ণনা করা হলো।

ক্রমিক নম্বর	প্রকল্পের শিরোনাম	সমাপ্তির প্রত্যাশিত বছর
১.	পশ্চিমাঞ্চল গ্রীড নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্প	জুন' ২০১৮
২.	আমিনবাজার-মাওয়া-মংলা ৪০০ কেভি এবং মংলা-খুলনা (দক্ষিণ) ২৩০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প	জুন' ২০১৯
৩.	মেঘনাঘাট-মদুনাঘাট-মাতারবাড়ী ৪০০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প	২০১৭-২০২১
৪.	গ্রীড ভিত্তিক বিদ্যুৎ সরবরাহের দক্ষতা বৃদ্ধি প্রকল্প	জুন' ২০১৮
৫.	ডিপিডিসি এলাকার পাওয়ার সিস্টেম নেটওয়ার্ক বর্ধিতকরণ এবং শক্তিশালীকরণ প্রকল্প	ডিসেম্বর' ২০২০
৬.	পাওয়ার গ্রীড নেটওয়ার্ক শক্তিশালীকরণ প্রকল্প আন্ডার পিজিসিবি	ডিসেম্বর' ২০২০
৭.	পূর্বাঞ্চলীয় পাওয়ার নেটওয়ার্ক বর্ধিতকরণ এবং শক্তিশালীকরণ প্রকল্প	ডিসেম্বর' ২০২০
৮.	মহেশখালী-মদুনাঘাট ৭৬৫ কেভি সঞ্চালন লাইন প্রকল্প	জুন' ২০২০
৯.	উত্তর-পূর্বাঞ্চলীয় আন্তঃসংযোগ প্রকল্প	জুন' ২০২০
১০.	গোপালগঞ্জ ৪০০ কেভি গ্রীড স্টেশন এবং পটুয়াখালী-গোপালগঞ্জ ৪০০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প	জুন' ২০১৯
১১.	বড়পুকুরিয়া-বগুড়া-কালিয়াকৈর ৪০০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প	ডিসেম্বর' ২০১৯
১২.	পশ্চিমাঞ্চলীয় ২৩০/১৩২ কেভি সঞ্চালন লাইন প্রকল্প	জুন' ২০১৯
১৩.	আনোয়ারা-রামপুরা ২৩০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প	জুন' ২০২০
১৪.	রূপপুর-গোপালগঞ্জ ৪০০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প	ডিসেম্বর' ২০১৯
১৫.	রূপপুর-বগুড়া ৪০০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প	ডিসেম্বর' ২০২০
১৬.	দক্ষিণাঞ্চলীয় গ্রীড নেটওয়ার্ক উন্নতকরণ প্রকল্প	ডিসেম্বর' ২০২০

সঞ্চালন সিস্টেমের অবকাঠামো উন্নয়নে উপরে উল্লেখিত প্রকল্পসমূহের অতিরিক্ত, পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যানের আলোকে পিজিসিবি কর্তৃক দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে যাতে ২০২১ খ্রীষ্টাব্দের মধ্যে সমগ্র দেশে বিদ্যুৎ সরবরাহ করা যায়।

মানব সম্পদ উন্নয়নঃ

পিজিসিবি'র কর্মকর্তা ও কর্মচারীদেরকে সারা বছর আধুনিক প্রযুক্তি ও ব্যবস্থাপনা সম্পর্কিত বিভিন্নমুখী প্রশিক্ষণ প্রদান করে দক্ষতা বৃদ্ধি করা হয়েছে। প্রশিক্ষণ শাখা প্রশিক্ষণ সংগঠিত করে থাকে। পিজিসিবি তাঁদেরকে দেশ-বিদেশে প্রশিক্ষণ কর্মসূচি, সম্মেলন, প্রযুক্তি মেলা, আলোচনা অনুষ্ঠান, বিভিন্ন কর্মশালা ও শিক্ষা সফরে প্রেরণ করে থাকে। তাঁদের সুযোগ দেয়া হয় প্রযুক্তি ও ব্যবস্থাপনা ক্ষেত্রে বিভিন্ন বিশেষজ্ঞদের সঙ্গে যোগাযোগ করার জন্য। এর ফলে পিজিসিবিতে যেমন দক্ষ জনশক্তি গড়ে উঠেছে তেমনি দেশ-বিদেশে প্রতিষ্ঠানের সুনাম বেড়েছে।

সরকারের বিদ্যুৎ বিভাগ পিজিসিবি'র সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের জন্য বৎসরে অন্ততঃ জনপ্রতি গড়ে ৬০ ঘন্টা প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা প্রদান করেছে। এর বিপরীতে আলোচ্য ২০১৪-১৫ অর্থ বছরে পিজিসিবি গড়ে ৬০.০৪ জনঘন্টা

প্রশিক্ষণ প্রদান করেছে। নবাগত কর্মকর্তা-কর্মচারীদের বিভাগীয় বুনয়াদি প্রশিক্ষণের মাধ্যমে শুরু হয় দক্ষতা বৃদ্ধির কার্যক্রম। পিজিসিবিতে যোগদানের পর থেকেই কর্মকর্তা-কর্মচারীরা প্রতিবছর প্রশিক্ষণ পেয়ে থাকেন। প্রশিক্ষণের পর তাঁদের যথাযথভাবে মূল্যায়ন করে প্রশিক্ষণের অগ্রগতি বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষকে যথাসময়ে প্রতিবেদন প্রদানের মাধ্যমে প্রশিক্ষণের জবাবদিহিতা নিশ্চিত করা হয়।

স্থানীয় প্রশিক্ষণঃ

২০১৪-১৫ অর্থবছরে মোট ১৭৭ টি স্থানীয় পর্যায় প্রশিক্ষণ কর্মসূচি সম্পন্ন করা হয়েছে এবং ১৮,০২২ জন দিবস ও ১,৪৪,১৭৬ জনঘন্টা প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পিজিসিবি'র গুরুত্বপূর্ণ কতিপয় প্রশিক্ষণ কর্মসূচির বিবরণ নিম্নে প্রদান করা হল

ক্র.নং	বিষয়	আয়োজক প্রতিষ্ঠান	সংখ্যা	জন দিবস	জন ঘন্টা
১.	ভূগর্ভস্থ সঞ্চালন লাইন পরিচালনা ও রক্ষণাবেক্ষণ উপায়	সিসিসি	২০	১৪	২২৪০
২.	আয়কর, মূল্য সংযোজন কর এবং শুল্ক	আইসিএমএবি	২০	০৫	৮০০
৩.	সেবা, কাজ ও মালামাল ক্রয়	সিপিটিইউ	০২	১৪	২২৪
৪.	পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কারিগরি প্রশিক্ষণ	পিজিসিবি	২০	০৩	৪৮০
৫.	এ্যাডভান্স মাইক্রোসফট এক্সেল	এনএপিডি	২০	১০	১৬০০
৬.	শিল্প সম্পর্ক	আইআরআই	০৮	২০	১২৮০
৭.	ই-টেন্ডারিং	পিজিসিবি	২৩	০২	৩৬৮
৮.	পরিচালনা ও রক্ষণাবেক্ষণ এবং প্রতিরক্ষণের উপায়	জিই এনার্জি ম্যানেজমেন্ট	২১	০১	১৬৮
৯.	এমপ্রয়ী কর্মদক্ষতা মূল্যায়ন	পিজিসিবি	৪৬	০১	৩৬৮
১০.	উপকেন্দ্র ও সঞ্চালন লাইনের পরিচালনা ও রক্ষণাবেক্ষণ	পিজিসিবি	৩০	০৪	৯৬০
১১.	নিরীক্ষা ব্যবস্থাপনা পদ্ধতি সফটওয়্যার	পিজিসিবি	২০	০২	৩২০
১২.	টাওয়ার ডিজাইন এবং টাওয়ার স্থাপন পরিচালনা ও রক্ষণাবেক্ষণ	জিএস ইঞ্জিনিয়ারিং	১০	১৪	১১২০
১৩.	প্রকল্প ব্যবস্থাপনা	বিআইএম	২৫	০৬	১২০০
১৪.	উপ-সহকারী প্রকৌশলীদের বিভাগীয় বুনয়াদি প্রশিক্ষণ	বিআইএম	৩৮	৩৫	১০৬৪০
১৫.	পরামর্শক সংশ্লিষ্ট এডিবি'র নীতি ও পথনির্দেশক	এডিবি	২০	০১	১৬০



